

মিরসরাই অর্থনৈতিক
অঞ্চলে চলাচল

শেখ হাসিনা সরণি উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক >

চট্টগ্রামের মিরসরাই অর্থনৈতিক অঞ্চল থেকে পণ্য আনা-নেওয়ার সুবিধার্থে বড়তাকিয়া (আবু তোরাব) থেকে মিরসরাই অর্থনৈতিক অঞ্চল চার লেন সড়কের প্রকল্পের কাজ উদ্বোধন করা হয়েছে। গত শুক্রবার সকালে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) নির্বাহী চেয়ারম্যান পবন চৌধুরী সংযোগ সড়ক নির্মাণ কাজের শুভ সূচনা করেন। এ সময় বেজা, স্থানীয় প্রশাসন ও সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বেজা সূত্র জানায়, ১০ কিলোমিটার দৈর্ঘ্য সড়কটির নাম দেওয়া হয়েছে শেখ হাসিনা সরণি সড়ক। আগামী বছরের মধ্যেই সড়কের নির্মাণকাজ শেষ হবে বলে আশা করছেন বেজার কর্মকর্তারা। এটি সেই সড়ক যেখানে ২০১১ সালের ১১ জুলাই বঙ্গবন্ধু-বঙ্গমাতা ফুটবল টর্নামেন্টের ফাইনাল খেলা দেখা শেষে বাড়ি ফেরার পথে ট্রাক দুর্ঘটনায় একসঙ্গে ৪৪ জন স্কুলছাত্র নিহত হয়। সড়কটি অত্যন্ত সুরু। সেটিকে এখন চার লেনে উন্নীত করা হচ্ছে।

বেজার কর্মকর্তারা জানিয়েছেন, সারা দেশে যে ১০০টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে, তার মধ্যে মিরসরাই সবচেয়ে বড়। সেখানে ৩০ হাজার একর জমির ওপর প্রতিষ্ঠিত হবে অর্থনৈতিক অঞ্চল। এরই মধ্যে ১০ হাজারেরও বেশি একর জমি আধিগ্রহণের কাজ শেষ। ভূমি উন্নয়নের কাজও চলছে। দেশি-বিদেশি বিনিয়োগকারীদের চোখ এখন মিরসরাই অর্থনৈতিক অঞ্চলের দিকে। ঢাকা চট্টগ্রাম মহাসড়কের চার লেনের কাজ শেষ হওয়ায় সড়কপথে যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটেছে। পাশেই রয়েছে চট্টগ্রাম বন্দর। তাই বিনিয়োগের জন্য ব্যবসায়ীদের নজর মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে। সেখান থেকে সড়কপথে পণ্য আনা-নেওয়ার সুবিধার্থে সংযোগ সড়কটি চার লেনে উন্নীত করা হচ্ছে বলে জানিয়েছেন বেজার কর্মকর্তারা।